

সারাদেশ

## ব্রাহ্মণবাড়িয়ায় বিপুল পরিমাণ ইয়াবা আটক



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর ২০২৬, ০৮:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর সীমান্তে অভিযান চালিয়ে ১০ হাজার ৫৫ পিস ভারতীয় ইয়াবা জব্দ করেছে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)। এ সময় পাচারের সঙ্গে জড়িত সন্দেহে এক ব্যক্তি একটি প্যাকেট ফেলে পালিয়ে যায়।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে বিজয়নগর উপজেলার চাঁনপুর এলাকায় এ অভিযান চালানো হয়।

বিজিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সরাইল ব্যাটালিয়নের মুকুন্দপুর বিওপির একটি টহলদল সীমান্ত পিলার ২০০৭/৪-এস থেকে প্রায় ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থান নেয়। এ সময় ভারতীয় সীমান্তের দিক থেকে এক ব্যক্তিকে বাংলাদেশের দিকে আসতে দেখে টহলদল তাকে ধাওয়া করে। একপর্যায়ে ওই ব্যক্তি একটি প্যাকেট ফেলে দৌড়ে পালিয়ে যায়।

পরে প্যাকেটটি তল্লাশি করে কসটেপ দিয়ে বিশেষ কৌশলে মোড়ানো অবস্থায় ১০ হাজার ৫৫ পিস ভারতীয় ইয়াবা পাওয়া যায়।

বিজিবি আরও জানায়, জব্দ করা ইয়াবার বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। পরবর্তী সময়ে ধ্বংস

করার জন্য ইয়াবাগুলো ব্যাটালিয়ন সদর দপ্তরে জমা রাখার প্রক্রিয়া চলছে।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর দায়িত্বপূর্ণ ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জের মাধবপুর সীমান্তে নিরাপত্তা রক্ষা ও চোরাচালান প্রতিরোধে অভিযান এবং গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে বলে জানিয়েছে বিজিবি।

## এ বিভাগের আরও খবর



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা  
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভিচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।  
উপজেলার কামালদি রিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার  
ঝালকাঠির নলাউটিতে দুই কেজি গাঁজাসহ রাকিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১  
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া  
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অজ্ঞাত বয়সসহ সামাজিক পরিষ্কৃতি  
বিশ্লেষণায় মুচলেকা নিয়ে গতকাল লোম....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-bipul-priman-iyaba-atk>